# ৩৮তম বিসিএস (লিখিত) পরীক্ষা-২০১৮

তানপুরা

General Science and Technology

বিষয় কোড : ০১০

নির্ধারিত সময় : ৩ ঘণ্টা, পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

**Part A- General Science,** মান : ৬০

(যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দিন)

নম্বর

১. ক. জিন কী? জৈব প্রযুক্তি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এর মধ্যে সম্পর্ক কী? ৩

খ. ডিএনএ ও আরএনএর মধ্যে পার্থক্য লিখুন। জিন থেরাপি কী? ২.৫

গ. বাংলাদেশে GMO শস্য উৎপাদনের সুবিধা অসুবিধা আলোচনা করুন। ২

২. ক. চর্বি ও লিপিডের পার্থক্য লিখুন। মানব স্বাস্থ্যের সুষম খাদ্যের পিরামিড বিষয়ে ব্যাখ্যা করুন। ১ + ১.৫ = ২.৫

খ. একজন পূর্ণ বয়স্ক মানুষের দৈনিক সুষম খাদ্যের বিভাজন লিখুন। ২.৫

গ. খাদ্য সংরক্ষণে রাসায়নিক পদার্থ ব্যবহারের শারীরিক প্রতিক্রিয়া লিখুন। ২.৫

৩. ক. গ্লোবাল ওয়ার্মিং এর কারণ ও প্রভাব আলোচনা করুন। ২.৫

খ. বাংলাদেশের ধানচাষী পরোক্ষভাবে গ্লোবাল ওয়ার্মিংয়ের জন্য দায়ী আলোচনা করুন। ৩

গ. দুটি করে জিংক ও ভিটামিন 'এ' সমৃদ্ধ ধানের জাতের নাম লিখুন। ২

৪. ক. পানিদূষণ কী? পানি দূষণের কারণ ও প্রতিকার আলোচনা করুন। ১ + ১.৫ = ২.৫

খ. সমস্যাযুক্ত মাটি বলতে কী বোঝায়? বাংলাদেশের সমস্যাযুক্ত মাটি সম্বন্ধে আলোচনা করুন। ১ + ১.৫ = ২.৫

গ. কীভাবে লবণাক্ত মাটিকে শস্য চাষাবাদের আওতায় আনা যায়? ২.৫

৫. ক. আলোর বিচ্ছুরণ কী? বর্ণালী সম্বন্ধে আলোকপাত করুন। ২

খ. প্রতিধ্বনির সাহায্যে কীভাবে একটি কূপের গভীরতা নির্ণয় করা যায়? ১

গ. উচ্চ রক্তচাপ কী? এর লক্ষণ ও কারণসমূহ আলোচনা করুন। ২

ঘ. প্রোটিনের রাসায়নিক উপাদান কী? প্রোটিন প্রধান মাছ ও মাংসের পুষ্টিগুণ আলোচনা করুন। ২.৫

৬. ক. ডায়াবেটিক ও ইনসুলিনের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করুন। ২

খ. রোগ নির্ণয়ে আল্ট্রাসনোগ্রাফির ৪টি গুরুত্ব আলোচনা করুন। ২

গ. ডপলারের ক্রিয়া কী? এর দুটি প্রয়োগ লিখুন। ১.৫

ঘ. চৌম্বক ক্ষেত্র কী? বিদ্যুৎ প্রবাহের ওপর চুম্বকের ক্রিয়া কীরূপ? ২

৭. ক. তরঙ্গ দৈর্ঘ্য ও তরঙ্গ বেগের সংজ্ঞা দিন। এদের সম্পর্ক লিখুন। ১ + ১ = ২

খ. শব্দদূষণের কারণ ব্যাখ্যা করুন। মানব স্বাস্থ্যের ক্ষতিকর প্রভাব লিখুন। ২ + ১.৫ = ৩.৫

গ. শব্দদূষণ প্রতিরোধের জন্য কী কী ব্যবস্থা নেয়া যেতে পারে? ২

৮. ক. জীবদেহে কার্বোহাইড্রেটের ভূমিকা বিবৃত করুন। ২.৫

| | | | |
|---|---|---|---|
| | খ. | দুগ্ধজাত উৎপাদকের ওপর জৈব প্রযুক্তির প্রভাব আলোকপাত করুন। | ২ |
| | গ. | দুধ পাস্তুরিত করতে সাধারণভাবে কত সময়ের জন্য কত তাপ প্রয়োগ করতে হয়? | ১.৫ |
| | ঘ. | জ্বালানি হিসেবে প্রাকৃতিক গ্যাসের সুবিধা কী কী? | ১.৫ |
| ৯. | ক. | ভিনেগার কী? ভিনেগার ও কষ্টিক সোডার ব্যবহার লিখুন। | ১ + ১.৫ = ২.৫ |
| | খ. | পলিথিন কৃষিজমিকে কীভাবে দূষিত করে? | ১.৫ |
| | গ. | পানিতে পুঁতে রাখা বাঁশের খুঁটির ছায়া পানিতে বাঁকা দেখায় কেন? | ১.৫ |
| | ঘ. | সৌরশক্তির বর্তমান ব্যবহার এবং এর সম্ভাবনা সম্পর্কে আলোকপাত করুন। | ২ |

## Part B- Computer and Information Technology

মান : ২৫

(যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দিন)

| | | | |
|---|---|---|---|
| ১০. | ক. | একটি আধুনিক কম্পিউটারের প্রধান কার্যকরী অংশগুলোর নাম লিখুন। | ২.৫ |
| | খ. | ইউনিকোড কী? | ২.৫ |
| | গ. | র‍্যাম এবং রমের মধ্যে পার্থক্য কী? মেমোরির আকারের একক কী? | ২ + .৫ |
| | ঘ. | অপারেটিং সিস্টেমের প্রধান কাজ কী? একটি অপারেটিং সিস্টেমের নাম লিখুন। | ২ + .৫ |
| | ঙ. | কম্পিউটার ভাইরাস কী? এর থেকে পরিত্রাণের উপায় কী? | .৫ + ২ |
| | চ. | স্বাস্থ্য খাতে কম্পিউটারের তিনটি ভালো প্রভাব উল্লেখ করুন। | ২.৫ |
| | ছ. | উপাত্ত (data) ও তথ্য (information)-এর সংজ্ঞায়ন করুন। | ২.৫ |
| | জ. | মাল্টিমিডিয়া সিস্টেমের বর্ণনা দিন। | ২.৫ |
| | ঝ. | কম্পিউটার নেটওয়ার্কে রাউটারের কাজ কী? | ২.৫ |
| | ঞ. | ISP-এর পূর্ণরূপ কী? এদের কাজ কী? | .৫ + ২ |
| | ট. | এসএমএস ও ই-মেইল-এর মধ্যে পার্থক্য কী? | ২.৫ |
| | ঠ. | জিপিএসের ওপর সংক্ষিপ্ত আলোচনা করুন। | ২.৫ |

## Part C: Electrical and Electronic Technology

মান : ১৫

(যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিন)

| | | | |
|---|---|---|---|
| ১১. | ক. | উদাহরণসহ কারশফের ভোল্টেজ নিয়ম বিবৃত করুন। | ২.৫ |
| | খ. | বৈদ্যুতিক ক্ষমতা বলতে কী বোঝায়? পাওয়ার প্লান্টের ক্ষমতা প্রকাশের জন্য সাধারণত কোন একক ব্যবহৃত হয়? | ২ + .৫ |
| | গ. | একটি ফিউসের কার্যনীতি বর্ণনা করুন। | ২.৫ |
| | ঘ. | বৈদ্যুতিক চুম্বক কী? চুম্বকীয় আবেশ কী? | ১.৫ + ১ |
| | ঙ. | খোলা বর্তনী ও শর্ট সার্কিটের ছবিসহ সংজ্ঞা দিন। | ২.৫ |
| | চ. | একটি গ্যাস টারবাইনের মাধ্যমে কীভাবে বিদ্যুৎ তৈরি হয় বর্ণনা করুন। | ২.৫ |
| | ছ. | এসি ও ডিসি ভোল্টেজের মধ্যে পার্থক্য চিত্রসহ লিখুন। | ২.৫ |
| | জ. | আইপিএস এবং ইউপিএসের মধ্যে পার্থক্য কী? | ২.৫ |